

পশ্চিমবঙ্গ সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম
এবং
জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও বিত্ত নিগম পরিচালিত
গোষ্ঠীদের জন্য ক্ষুদ্র ঋণ প্রকল্প - DLS

- 1) মহিলা সদস্যদের গোষ্ঠী-ই শুধু ঋণের জন্য আবেদন করতে পারবেন। গোষ্ঠীর বয়স ৬ মাসের বেশী হওয়া চাই।
- 2) গোষ্ঠীর সদস্য সংখ্যা ১০ থেকে ২০ এর মধ্যে হতে হবে।
- 3) গোষ্ঠীর সদস্য সংখ্যার কমপক্ষে ৬০ শতাংশ সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত হবে।
- 4) গোষ্ঠীর সদস্যদের অবশ্যই ভারতীয় নাগরিক হতে হবে।
- 5) গোষ্ঠীর সদস্যদের অবশ্যই স্থানীয় বাসিন্দা হতে হবে।
- 6) গোষ্ঠীর সদস্যদের বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে।
- 7) গোষ্ঠীর সদস্যরা অবশ্যই শারীরিক কর্মঠ এবং মানসিকভাবে সুস্থ হতে হবে।
- 8) গোষ্ঠীর সদস্যদের পারিবারিক বার্ষিক আয় গ্রামাঞ্চলে ৯৮,০০০ টাকার মধ্যে এবং শহরাঞ্চলে ১,২০,০০০ টাকার নীচে হতে হবে।
- 9) ঋণের জন্য স্বল্প হারে সুদ দিতে হবে এবং ২৪টি সমান মাসিক কিস্তিতে সুদসহ পরিশোধ করতে হবে।
- 10) ঋণের জন্য কোন গ্যারান্টির লাগে না, তবে প্রতিটি সদস্যই ঋণ পরিশোধের জন্য সমান ভাবে দায়ী থাকবেন।
- 11) ঋণের পরিমাণ সদস্য পিছু ১৮,০০০ টাকা। সকলের ঋণের টাকা এক শতাংশ হিসেবে সার্ভিস-চার্জ কেটে বাকী টাকা গোষ্ঠীর সেভিংস একাউন্টে জমা হবে।
- 12) সুদসহ ঋণের টাকা সন্তোষজনক পরিশোধ করলে সদস্য পিছু ১ম নবীকরন ২২,০০০ টাকা ও তদপরিশোধান্তে ২য় নবীকরন ২৫,০০০ টাকা করে ঋণের সুযোগ থাকে।
- 13) গোষ্ঠীর সমস্ত লেনদেন সেভিংস একাউন্টের মাধ্যমেই হবে, সিসি(CC) বা অন্য কোন ধরনের একাউন্ট গ্রহণ করা হবে না।
- 14) বছরের যেকোন সময়েই ঋণের জন্য আবেদন করা যায়।
- 15) ঋণের জন্য আবেদন পত্র জেলা সংখ্যালঘু অফিস এবং বিডিও অফিসে জমা করা হয়ে থাকে এবং ওই আবেদনের ভিত্তিতে FS সরেজমিনে নিম্নলিখিত তদন্ত করবেন।
- 16) গোষ্ঠীর রেজুলিউশন বই, সেভিংস বই, ঋণ বই এবং নগদ জমার বই মিলিয়ে দেখবেন।
- 17) গ্রুপ ফটো - সকল সদস্যের সন্মিলিত ছবি (পোস্টকার্ড সাইজ) নেবেন- ছবিতে সকলের মুখাবয়ব যেন পরিষ্কার বোঝা যায়। নামগুলি ফটোর নীচে বা পিছনের পৃষ্ঠায় লিখে সই করবেন।
- 18) রেজুলিউশন-গোষ্ঠী গঠনের প্রথম বিবরণী যাতে শুরুর সদস্য সংখ্যা এবং পদাধিকারীদের স্পষ্ট বিবরণ থাকে। ফটোকপি দলনেত্রী দ্বারা প্রত্যয়িত হতে হবে।
- 19) ২য় রেজুলিউশন-WBMDFC থেকে ঋণ নেওয়ার এবং পরিশোধ করার বিবরণ থাকবে। ফটোকপি দলনেত্রী দ্বারা প্রত্যয়িত হতে হবে।
- 20) ৩য় রেজুলিউশন-১ম রেজুলিউশন থেকে অদ্যাবধি সদস্য সংখ্যার সংযোজন হয়ে থাকলে সেই মর্মে বিবরণী। ফটোকপি দলনেত্রী দ্বারা প্রত্যয়িত হতে হবে।
- 21) ব্যাঙ্ক সংশ্লিষ্ট একাউন্ট ক) গোষ্ঠীর নামে সেভিংস একাউন্ট হওয়া চাই। খ) একাউন্ট সচল থাকতে হবে (গত ৩০ দিনের মধ্যের ক্যাশ ওঠানো সহ লেনদেন থাকলেই যথেষ্ট)। গ (গোষ্ঠীর নাম ,রাবার স্ট্যাম্প এবং পাসবইয়ে নাম একই রকম হতে হবে। ঘ (পাসবইয়ের নাম-ঠিকানার পৃষ্ঠা এবং সর্বশেষ লেনদেনের পৃষ্ঠার ফটোকপি নিতে হবে। ঙ) একই একাউন্টের ৩টি PDC (নির্ধারিত স্বাক্ষরকারীদের সইসহ কিন্তু তারিখবাদে)।